বাংলাদেশ জাতীয় জাদুঘর

শাহবাগ, ঢাকা ১০০০

পত্রিকার প্রাসঙ্গিক অংশ

পত্রিকার নাম : দৈনিক যুগান্তর

তারিখ : ২২/১১/১৭

পৃষ্ঠা নম্বর : ৭

কলাম নম্বর : ৭-৮

বাংলাদেশ জাতীয় জাদুঘর

শাহবাগ, ঢাকা-১০০০

অন্তর্জাল তথ্যতীর্থ : www.bangladeshmuseum.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তাদের ২ (দুই)টি শূন্য পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আগ্রহী উপযুক্ত প্রার্থীগণকে বাংলাদেশ জাতীয় জাদুঘরের অন্তর্জাল তথ্যতীর্থ (ওয়েবসাইট) www.bangladeshmuseum.gov.bd হতে বিস্তারিত তথ্যাদি ডাউনলোড করে নেয়ার জন্য অনুরোধ করা হলো। যে কোনো ব্যাখ্যার জন্য নিম্নবর্ণিত ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে : ৫৮৬১৫০১২/ ২৩৬, ২৩৭

ডিজি-২০৯৫/১৭ (৪"×২)

২৭/১১/২০১৮

মো. আবু ইউনুস
রেজিস্ট্রেশন অফিসার
বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০

বাংলাদেশ জাতীয় জাদুঘর

শাহবাগ, ঢাকা-১০০০

Webpage.www.bangladeshmuseum.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় জাদুঘরে জনবল নিয়োগকল্পে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে । এই বিষয়ে গত ২৯|১১|২০১৭ তারিখে দৈনিক যুগান্তর ও দৈনিক জনকণ্ঠ পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

ক্রমিক নং	পদের নাম ও জাতীয় বেতন স্কেল (২০১৫)	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	সহকারী কীপার (জাতিতত্ত্ব ও অলংকরণ শিল্পকলা) ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	০১টি	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে নৃবিজ্ঞান, ফোকলোর, ইতিহাস, প্রত্নতত্ত্ব, সমাজবিজ্ঞান, মিউজিওলোজি, ইসলামের ইতিহাস বা বাংলা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে গবেষণামূলক প্রকাশনা আছে এইরূপ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে।
২	সহকারী রসায়নবিদ ২২০০০-৫৩০৬০/- (৯ম গ্রেড)	০১টি	৩০ বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রসায়নবিদ্যা, ফলিত রসায়নবিদ্যা বা সংরক্ষণ বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

০১. আবেদনকারীকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করতে হবে । বাংলাদেশ জাতীয় জাদুঘর ওয়েবসাইট (www.bangladeshmuseum.gov.bd) হতে ডাউনলোড করে উক্ত নির্ধারিত ফরম হুবহু অনুসরণ করে পূরণক্রমে ডাকযোগে আগামী ১৪-১২-২০১৭ তারিখ অফিস সময়ের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা-১০০০, জিপিও বক্স ৩৫৫ এই ঠিকানায় অবশ্যই পৌঁছাতে হবে । উক্ত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনাযোগ্য হবে না । হাতে হাতে, কুরিয়ার সার্ভিস বা অন্য কোন উপায়ে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না । খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে ।

০২. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সংযুক্তি দাখিল করতে হবেঃ

(ক) যে কোন তফসিলী ব্যাংক এর মাধ্যমে আবেদনকারীকে ২০০/- (দুইশত) টাকা ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) 'মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর' এর অনুকূলে আবেদনপত্রের সাথে সংযুক্ত করে প্রেরণ করতে হবে।

(খ) আবেদনপত্রে নির্ধারিত অংশে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি আঠা দিয়ে সংযুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি সত্যায়িত ছবি স্ট্যাপল করে সংযুক্ত করতে হবে ।

০৩. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবেঃ

(ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ ।

(খ) (প্রযোজ্য ক্ষেত্রে) (১) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ। তাছাড়া মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার সন্তানের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র (২) এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতীয় এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ ।

০৪. ১৪-১২-২০১৭ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে । তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর । বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

০৫. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

০৬. নিয়োগের ক্ষেত্রে সরকারি বিদ্যমান কোটানীতি অনুসরণ করা হবে । কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করে । শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

০৭. প্রাপ্ত আবেদনপত্র যাচাই/বাছাই এর পর কেবলমাত্র ত্রুটিমুক্ত আবেদনপত্রের প্রার্থীদের বাছাই পরীক্ষার জন্য ডাকা হবে । পরীক্ষা/ইন্টারভিউতে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না । শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে পারবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন ।

০৮. যে কোন ধরণের তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে । কেহ তথ্য গোপন করে চাকরি গ্রহণ করলে নিয়োগপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

০৯. কর্তৃপক্ষ, সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০. আবেদনপত্র জমাদান, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বা তুলনামূলক যোগ্যতায় উচ্চমান অর্জনের মাধ্যমে কোন প্রার্থী সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য কোনো "আইনি" বা "মানবিক অধিকার" অর্জন করবেন না।

১১. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

সচিব
বাংলাদেশ জাতীয় জাদুঘর।